

করিম্বের ইমানদার-দলের কাছে হযরত পৌল রা. লেখা প্রথম চিঠি

বিসমিল্লাহির রাহমানির রাহিম

রুকু: ২

(১) ভাই ও বোনেরা, আমি যখন তোমাদের কাছে গিয়েছিলাম, তখন আল্লাহর রহস্যময়তা প্রচার করতে গিয়ে আমি তোমাদের কাছে অভিজাত ভাষা কিংবা বিচক্ষণতার আশ্রয় নেইনি।

(২) কেননা আমি সিদ্ধান্ত নিয়েছিলাম যে, তোমাদের মাঝে আমি সলিববিদ্ধ হযরত ইসা মসিহকে ছাড়া অন্য কোনো কিছুই জানবো না। (৩) আর আমি দুর্বলতা নিয়ে, ভয়ে ও দুরূ-দুরূ বুকো তোমাদের কাছে গিয়েছিলাম।

(৪) আমার কথা ও প্রচারে বিচক্ষণ লোকের আপাতগ্রাহ্য ভাষা ছিলো না, বরং রুহ ও ক্ষমতার চাক্ষুষ প্রমাণ ছিলো, (৫) যাতে তোমাদের ইমান মানবীয় জ্ঞানের ওপর নয়, বরং আল্লাহর ক্ষমতার ওপর স্থির থাকে।

(৬) যা হোক, পরিপক্কদের কাছে আমরা জ্ঞানের কথা বলি, যদিও এই জ্ঞান এ-যুগের নয়, কিংবা এই যুগের যাঁরা শাসনকর্তা, যাঁরা জাহান্নামীদের অন্তর্ভুক্ত, তাঁদেরও নয়।

(৭) আমরা আসলে আল্লাহর সেই রহস্যময় গোপন জ্ঞানের কথাই বলি, যা আমাদের গৌরবের জন্য আল্লাহ অনন্তকাল আগেই ঠিক করে রেখেছিলেন।

(৮) এই যুগের কোনো শাসকই তা বোঝেননি; কেননা যদি তাঁরা তা বুঝতেন, তাহলে মহিমার মালিককে তাঁরা সলিবে দিতেন না।

(৯) কিন্তু, যেমনটি লেখা আছে, “আল্লাহকে যারা মহব্বত করে তাদের জন্য তিনি যা প্রস্তুত করে রেখেছেন, তা কেউ চোখে দেখেনি, কানে শোনেনি এবং হৃদয়েও ধারণর করেনি।” - (১০) রুহের মাধ্যমে আল্লাহ এসব বিষয় আমাদের কাছে প্রকাশ করেছেন; কেননা রুহ সবকিছুই খুঁজে দেখেন, এমনকি আল্লাহর গভীর বিষয়গুলোও।

(১১) কোনো মানুষের মনের কথা তার নিজের রুহ ছাড়া আর কে জানে? ঠিক সেভাবে আল্লাহর রুহ ছাড়া আল্লাহর মনের কথা অন্য কেউই জানে না।

(১২) আমরা জাগতিক আত্মা পাইনি, বরং আমরা আল্লাহর কাছ থেকেই রুহ পেয়েছি, যেনো আল্লাহ আমাদেরকে যা যা দান করেছেন তা আমরা উপলব্ধি করতে পারি।

(১৩) এবং এসব বিষয়ে আমরা মানবীয় জ্ঞানে শেখানো ভাষায় নয়, বরং রুহের শেখানো ভাষাতেই কথা বলি; ধার্মিক মানুষদের কাছে রুহানি বিষয়াদি ব্যাখ্যা করি।

(১৪)যারা জাগতিক, আল্লাহর রুহের দানগুলোকে তারা গ্রহণ করে না, কারণ তাদের কাছে ওগুলো মূর্খতা; এবং ওগুলোকে তারা বুঝতেও পারে না, কারণ ওগুলো আত্মিকভাবেই উপলব্ধির বিষয়।

(১৫)ধার্মিক মানুষেরা সবকিছুই উপলব্ধি করেন, আর তাঁরা নিজেরা অন্য কারো বিচারার্থী নন। (১৬)“কেননা আল্লাহর মন কে বুঝতে পেরেছে, যেনো তাঁকে উপদেশ দিতে পারে?” কিন্তু আমাদের আছে মসিহের মন।